

বাংলাদেশ দূতাবাস  
এথেন্স, গ্রীস

১৬ ডিসেম্বর ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

**বিপুল উৎসাহ, উদ্দীপনার মধ্য দিয়ে গ্রীসে মহান বিজয় দিবস উদ্‌যাপন**

বিপুল উৎসাহ, উদ্দীপনা এবং যথাযোগ্য মর্যাদার সাথে গ্রীসে মহান বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপিত হয়েছে। সকালে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন কর্তৃক দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির সূচনা হয়। এসময় এথেন্সে বসবাসরত প্রবাসী বাংলাদেশীগণ, বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধিবর্গ এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীরা এবং তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। পতাকা উত্তোলনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধে নিহত শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং বাংলাদেশের শান্তি ও উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে দূতাবাস প্রাঙ্গণে মহান মুক্তিযুদ্ধের ওপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণীসমূহ পাঠ করা হয়।

আলোচনাপর্বে গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্ব এবং মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ আত্মত্যাগের কথা স্মরণ করেন। তিনি বলেন যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ বাংলাদেশ মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। তিনি প্রবাসী বাংলাদেশীদের রূপকল্প ২০২১ এবং রূপকল্প ২০৪১ এর লক্ষ্য অর্জনের জন্য একত্রে কাজ করার আহ্বান জানান। স্থানীয় শিল্পী, শিশু-কিশোর, দূতাবাস পরিবার, দোয়েল একাডেমী এবং দোয়েল সাংস্কৃতিক সংগঠন এ উপলক্ষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সমাজের সকল স্তরের বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশীগণ অনুষ্ঠানসমূহে অংশগ্রহণ করেন।

